দৈনিক খবর

তারিখ 29 JUN 1991
পৃষ্ঠা ৮ কলাম ৮

10

# নিয়ম নেই তবু তিনি ২টি প্রতিষ্ঠানের প্রধান

।। খবর রিপোর্ট ।।

নিয়ম নেই দুই প্রতিষ্ঠানের প্রধান একজন থাকার। তবু একজন প্রধান হিসেবে দুই প্রতিষ্ঠানের তদারকি করছেন। ভিন্ন সীলমোহরে স্বাক্ষর করে দুই অফিসের কাজ চালাচ্ছেন।

এ অনিয়ম চলছে ঢাকায় বাংলাদেশ ব্যাংকের দু'টি স্কুলে। আর এ স্কুল দু'টি বাংলাদেশ ব্যাংকের এবং এ দু'টি ফরিদাবাদে অবস্থিত। কাগজপত্রে এ স্কুল দু'টির একটির নাম বাংলাদেশ ব্যাংক আদর্শ প্রাথমিক বিদ্যালয়, অন্যটির নাম বাংলাদেশ ব্যাংক আদর্শ উচ্চ বিদ্যালয়। স্কুল দু'টি পৃথক পৃথকভাবে ডিজি প্রাথমিক শিক্ষা এবং ডিজি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কর্তৃক স্বীকৃত। নিয়ম না থাকলেও স্কুল দু'টির প্রধান একজন প্রধান শিক্ষিকা ভিন্ন সীলমোহরে অফিসের চিঠিপত্র প্রদান, প্রাথমিক ও নিম্ন মাধ্যমিক বৃত্তির জন্য কাগজ পাঠানো প্রভৃতি কাজ করছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

ফরিদাবাদে অবস্থিত বাংলাদেশ ব্যাংক আদর্শ উচ্চ বিদ্যালয়ের অভ্যন্তরে আরও যেসব অভিযোগের কথা জানা গেছে, তা ঐ প্রধান শিক্ষিকাকে ঘিরেই। অভিভাবকদের পক্ষ থেকে অভিযোগে বলা হয়েছে, স্কুলের প্রধান শিক্ষিকা নিয়ম বহির্ভূতভাবে কোন প্রকার বিজ্ঞপ্তি ছাড়াই নিয়োগ প্রাপ্ত হন। উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষিকা হতে হলে ১০ বছরের অভিজ্ঞতা লাগে, কিন্তু তাঁর আছে ৪ বছর। এছাড়া স্কুলে শিক্ষক নিয়োগ, পদোন্নতি প্রদান, স্কুলের সভা স্কুলে না করে বিধি লংঘন করে ব্যাংকে অনুষ্ঠিত করাসহ অন্যান্য অভিযোগও ঐ প্রধান শিক্ষিকার বিরুদ্ধে করা হয়েছে। এসব অভিযোগ ব্যাংক কর্তৃপক্ষ, ডিজি প্রাথমিক শিক্ষা ও ডিজি মাধ্যমিক এবং উচ্চ শিক্ষা বরাবরে পাঠানো হয়েছে।